

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১৭

১/ বিবিধ

আরবী

استرشدوا العاقل ترشدوا، ولا تعصوه تندموا

موضوع

رواه الخطيب عن سليمان بن عيسى بسنده المتقدم أنفا برقم (613) عن أبي هريرة مرفوعا. وسليمان كذاب كما سبق، وقد ساق الذهبي في ترجمته هذا الحديث وقال " وهذا غير صحيح ". يعني أنه موضوع. قلت: ولم يتفرد به، فقد أخرجه أبو الحسن النعالي في " جزء من حديثه " (1 / 127) والقضاعي في " مسند الشهاب " (1 / 61) عن علي بن زياد المتوثي

حدثنا عبد العزيز بن أبي رضاء: حدثنا مالك بن أنس به. لكنه قال: عن سهيل بن أبي صالح عن أبيه عن أبي هريرة: وعبد العزيز هذا قال الذهبي: " قال الدارقطني: متروك، له مصنف موضوع كله

ثم ساق له حديثين في العقل من طريق المتوثي هذا عنه به هذا أحدهما، وقال في الآخر: " هذا باطل على مالك ". والأول أورده الدارقطني في " غرائب مالك " من هذه الطريق وقال: " هذا حديث منكر

ذكره الحافظ في " اللسان ". وقد وجدت له طريقا أخرى عن أبي هريرة. رواه أبو جعفر الطوسي الشيعي في " الأمالي " (ص 94) من طريق داود بن المحبر: حدثنا عباد بن كثير عن سهيل بن عبد الله عن أبيه عن أبي هريرة مرفوعا به. وداود هذا وعباد بن كثير كذابان

وهذا الحديث يكثر من إيرادہ بعض المشايخ حتى حفظه عنه مریدوه، ولذلك أوردته محذرا منه لعلهم ينتهون عن نسبتہ إليه صلى الله عليه وسلم خشية أن ينطبق عليهم قوله صلى الله عليه وسلم: " من حدث عني بحديث وهو يرى أنه كذب فهو أحد الكذابين

বাংলা

৬১৭। তোমরা জ্ঞানীর ন্যায় সঠিক পথে চলো সঠিক পথ প্রাপ্ত হবে। তোমরা তার নাফারমানী করো না অনুতপ্ত হবে।

হাদিছটি জাল।

এটি আল-খতীব সুলায়মান ইবনু ঈসা হতে পূর্বোল্লিখিত ৬১৩ ননহ হাদিসের সনদে আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফূ' হিসেবে বর্ণনা করেছেন।

এই সুলায়মান মিথ্যুক যেমনটি পূর্বে আলোচনা করা হয়েছে। ইমাম যাহাবী তার জিবনী আলোচনা করতে গিয়ে এ হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। এ কথার দ্বারা তিনি বুঝিয়েছেন এটি বানোয়াট।

আমি (আলবানী) বলছিঃ তিনি এককভাবে এটি বর্ণনা করেননি। আবুল হাসান আন-না'আলী "জুয়উম মিন হাদীছিহি" (১/১২৭) গ্রন্থে এবং কাযাঈ "মুসনাদুশ শিহাব" (১/৬১) গ্রন্থে আলী ইবনু যিয়াদ আল-মাতুছী হতে তিনি আব্দুল আযীয ইবনু আবী রাজা হতে ... বর্ণনা করেছেন।

এই আব্দুল আযীয সম্পর্কে যাহাবী বলেনঃ দারাকুতনী বলেছেনঃ তিনি মাতরুক, তার রচিত একটি গ্রন্থ রয়েছে যার সবই বানোয়াট।

এ হাদীছটির আরেকটি সূত্র আবু হুরাইরাহ (রাঃ) হতে পেয়েছি। যার মধ্যে দাউদ ইবনুল মুহাব্বার এবং আব্বাদ ইবনু কাছীর রয়েছে। তারা দু'জনই মিথ্যুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71496>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন